Bachelor of Social Science, Media Studies and Journalism (MSJ)

Internship Report

Submitted by
Md. Touhidul Islam
ID: 193012039

Submitted To
A.F.M. Moniruzzaman Shipu
Assistant Professor | Media Studies & Journalism Department

Term: Spring 2025

Course Code: MSJ 11498

Host Organization

Center For Critical & Qualitative Studies (CQS)

Date of submission: 30 April, 2025

TABLE OF CONTENTS

Content Name	Page No
Student Details	3
Internship Details	3
Acknowledgement	4
Plagiarism Declaration Form	5
Internship Report Approval Form	6
Introduction	7
Expectations	8
Host Organization	9
Organogram	10
Tasks as an Intern	11
Project 1: Fact-Checking Report 1	13
Project 2: Fact-Checking Report 2	22
Project 3: Fact-Checking Report 3	31
Project 4: Fact-Checking Report 4	40
Project 5: Fact-Checking Report 5	51
Project 6: Strategic Development and Launch of FactWatch Lab Outreach Program	58
Project 7: Categorization and Analytical Review of FactWatch Reports (April–December 2024)	82
Project 8: Gendered Misinformation Research – Data Collection and Compilation	94

Collection and Documentation	
Internship Outcome	111
Workplace Log	113
Self-Assessment Form	117
Professional Competencies	119
Concluding Remarks	121

STUDENT DETAILS

Name	Md. Touhidul Islam
ID	193012041
Department	Media Studies and Journalism (MSJ)
Major Concentration	Public Relations
Minor Concentration	South Asian Studies (SAS)
Career Objectives	To build a meaningful career in media, public relations, or research, where I can apply my academic knowledge to promote ethical communication and social impact. In the long term, I aspire to contribute to civil service or establish a political PR agency to support transparent and strategic communication in Bangladesh.

INTERNSHIP DETAILS

Host Organization	Center for Critical and Qualitative Studies (CQS)
Full Address	Nandan Kanon, House No. 84 Satmasjid Road, Dhanmondi 7/A, Dhaka-1209
My working Section	Fact Watch, CQS-led research projects, Communication team.
Supervisor	Shuvashish Das Ray Dip, Assistant Editor, CQS
Designation	Intern
Start Date	01 February, 2025
End Date	30 April, 2025
Hours Per Week	35+ hours
Total Working Period	Approximately 12 weeks

ACKNOWLEDGEMENT

I would like to express my deepest gratitude to my parents for their unwavering love and constant support throughout my academic journey. Their encouragement has been a cornerstone of my achievements.

I am profoundly thankful to all my instructors, advisors, senior mentors, administrators, and staff members of the Department of Media Studies and Journalism at the University of Liberal Arts Bangladesh (ULAB). I extend my sincere appreciation to the department for designing a comprehensive academic program, including the internship component, which enabled us to translate theoretical knowledge into practical, real-world applications.

During my internship, I had the privilege of working at one of ULAB's premier research institutes, the Institute for Critical and Qualitative Studies (CQS). The Institute leads a significant initiative called Fact Watch, which is dedicated to combating misinformation and disinformation in the Bangla language within Bangladesh.

I am especially grateful to my internship supervisor, Professor Dr. Din M. Sumon Rahman, Director of CQS and the founding editor of Fact Watch, for providing me with the invaluable opportunity to learn under his guidance. Throughout my internship, he consistently encouraged me to apply and expand my knowledge. His mentorship extended further by assigning me a senior fact-checker, Mr. Shuvashish Das, whose expertise significantly enhanced my fact-checking and report-writing skills.

I would also like to sincerely thank Mr. A.F.M. Moniruzzaman Shipu, Assistant Professor at ULAB, for his insightful guidance during my internship. At the early stages, I was uncertain about the structure and style of my reports, but his constructive feedback and thoughtful suggestions helped me refine and improve my work considerably.

Additionally, I am grateful to Mr. Muhammad Aminuzzaman, Internship Coordinator at ULAB, for his continuous support and guidance throughout the entire internship process. His dedication to assisting students was truly remarkable.

Finally, I wish to express my heartfelt appreciation to Ms. Syeda Sadia Mehjabin, my academic advisor. Her timely advice and professional insights were instrumental whenever I sought guidance regarding my academic courses. I am also deeply thankful to all the faculty members of the Media Studies and Journalism Department at ULAB, whose dedication and mentorship have been fundamental in preparing me to graduate successfully with a Bachelor of Social Science degree in Media Studies and Journalism.

PLAGIARISM DECLARATION

1. I know that plagiarism means taking and using the ideas, writings, works or inventions of another as if they were one's own. I know that plagiarism not only includes verbatim copying, but also the extensive use of another person's ideas without proper acknowledgement (which includes the proper use of quotation marks). I know that plagiarism covers this sort of use of material found in textual sources and from the Internet.

2. I acknowledge and understand that plagiarism is wrong.

3. I understand that my research must be accurately referenced.

4. This assignment is my own work, or my group's own unique group assignment. I acknowledge that copying someone else's assignment, or part of it, is wrong, and that submitting identical work to others constitutes a form of plagiarism.

5. I have not allowed, nor will I in the future allow anyone to copy my work with the intention of passing it off as their own work.

Name: Md. Touhidul Islam
ULAB ID: 193012039

Signature: 

MSJ042

INTERNSHIP REPORT APPROVAL FORM

Student Name: Md. Touhidul Islam ID No. 193012039

Major: Public Relations Year: 2025

Local Phone: 01728713433 Email: touhidsunny3@gmail.com

INTERNSHIP/PROJECT INFORMATION

Internship

Organization/Project: Center for Critical and Qualitative Studies (CQS)

Internship /Project Report

Topic:_____

Semester (Tick one): ✓**Spring 2024** □ Summer 202 □ Fall 202

Advisor APPROVAL

(Please place a Tick)

□ Approved □ Not Approved □ Partial Re-write □ Full Re-write

Remarks (If Not Approved/Pretrial/Full Rewrite):

_____

Signature: _____ Date: _____

Name: A.F.M. Moniruzzaman Shipu Title: Assistant Professor

E-mail: afm.moniruzzaman@ulab.edu.bd Phone: +880 1711272437

Introduction

As a student of Media Studies and Journalism at the University of Liberal Arts Bangladesh (ULAB), with a major in Public Relations and a minor in South Asian Studies (SAS), I have consistently dedicated myself to academic excellence throughout my undergraduate journey. Beyond the classroom, I actively engaged in extracurricular activities, contributing to the vibrant academic environment at ULAB and nurturing my intellectual growth.

My interest in research and critical inquiry was significantly strengthened during my studies, particularly through courses that emphasized critical thinking and analytical skills. It was in 2022 that I was first introduced to the emerging field of fact-checking within journalism. A pivotal moment was my participation in a workshop titled *"Fact-Checking Basics: A Beginner's Workshop to Combating Misinformation,"* organized by the Center for Critical and Qualitative Studies (CQS) at ULAB. Under the mentorship of Professor Dr. Sumon Rahman and his team of research assistants, I became deeply aware of the pressing need to address misinformation and disinformation in our media ecosystem.

Inspired by this experience, I began preparing myself to pursue an internship at CQS, aiming to enhance my knowledge in fact-checking, report writing, analytical reasoning, and research methodology. In December 2024, I formally expressed my interest to Professor Rahman, who kindly offered me the opportunity to join the Center for Critical and Qualitative Studies (CQS) as an intern.

Over the course of my three-month internship, I focused on developing a wide range of skills crucial to both my academic and professional aspirations. These included sharpening my writing proficiency, enhancing my analytical abilities, expanding my research competencies, and mastering the art of fact-checking report writing. I believe these skills will be instrumental in advancing my career in journalism, public relations, and research-based communication.

This internship report aims to document and reflect on my experiences, learning outcomes, and contributions during my tenure at CQS. In doing so, it highlights the critical role of fact-checking in strengthening media credibility and its growing relevance in contemporary communication studies.

Expectations

Internships offer a crucial opportunity to bridge the gap between theoretical knowledge and practical application by engaging in real-world professional settings. As a student majoring in Public Relations and minoring in South Asian Studies, I viewed this internship as a platform to translate my academic learning into meaningful practice, develop professional competencies, and gain deeper exposure to the field of social science research and media studies.

At the Center for Critical and Qualitative Studies (CQS), I was assigned to support CQS-led research projects by contributing to research design, assisting in data collection, and working as an apprentice fact-checker for Fact Watch, the Center's flagship initiative against misinformation. From the outset, I had clear expectations of what I hoped to achieve through this internship:

1. **Enhancing my research skills** and strengthening my understanding of both qualitative and quantitative research methodologies.

2. **Gaining real-life research experience** by directly participating in ongoing research projects and learning how to collect, organize, and present research data systematically.

3. **Developing advanced fact-checking skills** using various digital tools and techniques to identify, verify, and debunk misinformation.

4. **Experiencing the fact-checking decision-making process**, particularly understanding how an editorial team evaluates information collectively to reach a final conclusion on a misinformation case.

5. **Improving my Bangla report writing skills**, contributing actively as an apprentice fact-checker by publishing articles on the Fact Watch platform.

6. **Practicing professionalism**, ensuring all assigned tasks were completed within deadlines while maintaining the quality standards expected by the institution.

7. **Refining my analytical thinking**, learning how to evaluate information critically and constructively respond to feedback provided by senior mentors.

8. **Strengthening my interpersonal skills** by participating in events, workshops, and collaborative sessions organized by CQS, thereby enhancing my ability to work in dynamic, professional environments.

9. **Learning effective teamwork and time management**, especially in completing group tasks and projects within tight timelines.


10. **Exploring my personal strengths and areas for improvement**, using real-world challenges as a means to build self-awareness and professional maturity.

Host Organization

Organization name: Center for Critical and Qualitative Studies (CQS)
Organization type: Research Center
Address: Nandan Kanon, House No. 84 Satmasjid Road, Dhanmondi 7/A, Dhaka-1209 **Website**: https://cqs.ulab.edu.bd/

The Center for Critical and Qualitative Studies (CQS) at the University of Liberal Arts Bangladesh (ULAB) operates in partnership with the University of Sussex, United Kingdom. Positioned as a dynamic research hub, CQS fosters interdisciplinary collaboration, enabling the seamless exchange of knowledge across various academic fields. The Center is dedicated to advancing qualitative research practices and developing innovative tools that support in-depth academic inquiry. Through its initiatives, CQS seeks to cultivate critical thinking and promote the application of qualitative methodologies in research design across a diverse range of disciplines.

Organizational Organogram



Tasks As An Intern

As an intern I was assigned to do the following tasks:

- Assisted in CQS-led research projects and communication programs.
- Supported the Basic Fact-Checking Workshop in communication, logistics, and documentation tasks.
- Reviewed and analyzed relevant literature for CQS research activities.
- Conducted, translated, and transcribed interviews and research data.
- Collected data for ongoing research projects.
- Wrote fact-checking reports for the Fact Watch platform.
- Developed a launching plan for Fact Watch's outreach programs.
- Contributed to increasing Fact Watch’s public engagement through communication strategies.
- Attended meetings, took notes and memos, prepared drafts and reports.
- Managed research documents and organized files.
- Performed additional tasks as assigned by the CQS Director.

PROJECT DESCRIPTION

Project 1

Project Name:

Fact-checking report on a viral video claiming a girl was rescued alive in a sack from Biyanibazar

Project Title:

বিয়ানীবাজার থেকে বস্তাবন্দী কিশোরী উদ্ধারের দাবিতে ভাইরাল ভিডিওটি পুরোনো ও ঠাকুরগাঁওয়ের

Project Brief

Recently, a video went viral on social media claiming a girl was found alive in a sack in a haor (wetland) located in Biyanibazar, Sylhet, Bangladesh. According to posts circulating online, the rescued girl was suggested to possibly be Arabi Islam Suba, a girl reported missing from Mohammadpur, Dhaka. The video also highlighted similarities between Suba's clothing and the clothing worn by the rescued girl.

However, after careful investigation by FactWatch, it was discovered that the video did not relate to Suba's recent disappearance. Instead, the footage was traced back to July 2022, depicting an entirely separate incident where a madrasa student named Mahfuza Khatun was rescued from the Tangon River's Jora Bridge area in Thakurgaon. Multiple media reports, along with YouTube archives, confirmed the original context of this incident from 2022. FactWatch categorized this viral claim as "Missing Context."

My Responsibilities and Tasks:

- Monitoring social media platforms, primarily Facebook, to detect the spread of misinformation.
- Conducting reverse image searches to identify the original source of the viral video.
- Verifying the authenticity of the claims by cross-referencing with reliable news portals and archived YouTube videos.
- Gathering and archiving supporting evidence clearly documenting the investigation process.
- Writing a structured and comprehensive fact-check report clearly highlighting the findings.

Draft Report

আলোচনা অনুযায়ী আপডেট করুন-রিদওয়ান

সোমবার বিকেলে বিয়ানীবাজার হাওর নামক স্থানে কালো প্যান্ট ও গোলাপি টি-শার্ট পরিহিত বস্তাবন্দি একটি মেয়েকে জীবিত অবস্থায় পাওয়া গেছে এবং তার পোশাকের সাথে হারিয়ে যাওয়া সুবা'র পোশাকের মিল রয়েছে- এমন দাবীতে একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

ভিডিওটির ক্যাপশন যে ইঙ্গিত বহন করে তা হল , এই মেয়েটিই আরাবি ইসলাম সুবা হওয়ার সম্ভাবনা রয়েছে। কিন্তু অনুসন্ধানে দেখা যায়, এটি প্রকৃতপক্ষে ২০২২ সালের একটি ভিডিও। যেখানে ঠাকুরগাঁওয়ের টাঙ্গন নদীর জোড়া সেতুর নিচ থেকে এক অচেতন কিশোরীকে বস্তাবন্দি অবস্থায় উদ্ধার করা হয়েছিল।

গুজবের উৎস
ছড়িয়ে পরা কয়েকটি পোস্ট দেখতে পাবেন
১ https://www.facebook.com/share/v/1CyAi29Eg7/

এখানে ২
https://www.facebook.com/61564664040461/videos/601894582464898/?mibextid=9drbnH

এখানে ৩ https://www.facebook.com/share/v/1EWqs4TvFs/

এখানে ৪https://www.facebook.com/share/v/1BAGhcW7Wb/

এখানে ৫ https://www.facebook.com/share/v/19uSotuAVB/

এই পোস্টগুলোর ক্যাপশনে লেখা হয়েছে, "আরাবি ইসলাম সুবা নামের যে মেয়েটি মোহাম্মদপুর প্রিন্স বাজার (কৃষি মার্কেট সংলগ্ন) তিন রাস্তার মোড় থেকে হারিয়ে গিয়েছিলো, তার বাবা বলেছে মেয়েটার পড়নে নাকি ছিলো কালো প্যান্ট ও গোলাপি রঙের টি শার্ট।

আজ বিকালে বিয়ানীবাজার হাওরের মাজে একটি মেয়ে পাওয়া গেছে, এই মেয়েটারও পরনেও কালো প্যান্ট গোলাপি রঙের টি শার্ট, Alhamdulillah...মেয়েটি বেঁচে আছে"

অনুসন্ধান
রিভার্স ইমেজ সার্চের মাধ্যমে দেখা যাচ্ছে, এই ভিডিওটি ২০২২ সালের ২১ জুলাই এক বা একাধিক ইউটিউব চ্যানেলে (https:/youtu.be/ZfoP0YBg338?si=fDKUPyBB7OYxWE0r) প্রকাশিত হয়েছিল।

পরবর্তীতে বিভিন্ন সংবাদমাধ্যমে ও ব্যক্তিগত ফেসবুক প্রোফাইলেও এই ঘটনাটি প্রকাশ করা হয়। এমন কিছু খবর, পোস্ট ও ভিডিও দেখতে পাবেন
এখানে ১ https://www.facebook.com/share/p/1EzECJaU8W/
এখানে ২ https://www.facebook.com/share/p/1QkStjLeKb/
এখানে ৩ https://youtu.be/O4_cJkPPO18?si=2wkNEssoILQHzsx1
এখানে ৪ https://youtu.be/EZC3Ln_AAao?si=zvucHV6RJxPUmzt9

এসব খবর, ভিডিও ও ক্যাপশন বরাতে জানা যাচ্ছে- ২০২২ সালের ২১ জুলাই মাহফুজা খাতুন নামের এক মাদ্রাসা শিক্ষার্থীকে ঠাকুরগাঁওয়ের টাঙ্গন নদীর জোড়া সেতুর নিচ থেকে এলাকাবাসী তাকে অচেতন ও বস্তাবন্দি অবস্থায় উদ্ধার করে। এছাড়াও ভিডিওতে দেখা যাচ্ছে উদ্ধারকৃত মাহফুজার পরনে "গোলাপি টি- শার্ট" নয় বরং হলুদ সেলোয়ার-কামিজ ছিল।

যমুনা টেলিভিশনের অনলাইন পোর্টালে ২০২২ সালের ২১ জুলাই "ঠাকুরগাঁওয়ে বস্তাবন্দি অবস্থায় মাদ্রাসা শিক্ষার্থী উদ্ধার" শিরোনামে একটি খবর প্রকাশিত হয়। যেখানে বলা হয়, "ঠাকুরগাঁওয়ে বস্তাবন্দী অবস্থায় এক মাদ্রাসা শিক্ষার্থীকে উদ্ধার করেছে স্থানীয়রা। বৃহস্পতিবার (২১ জুলাই) সকালে পৌর শহরের গোবিন্দনগর টাঙ্গন নদীর জোড়া সেতুর নিচে থেকে তাকে জীবিত উদ্ধার করা হয়। উদ্ধারকৃত শিক্ষার্থী দিনাজপুর কবিরাজহাট এলাকার কারী মোস্থফা কামালের মেয়ে।

সদর থানার ওসি কামাল হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে স্থানীয়দের বরাত দিয়ে জানান, সকালে টাঙ্গন জোড়া সেতুর নিচে বস্তাবন্দী অবস্থায় ওই কিশোরীকে দেখতে পায় স্থানীয়রা। পরে তাকে জীবিত উদ্ধার করে ঠাকুরগাঁও আধুনিক সদর হাসপাতালে ভর্তি করা হয়।

ওসি আরও জানান, তাকে বস্তায় ভরে সেতুর নিচে ফেলে দেয়া হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। এ বিষয়ে জিজ্ঞাসাবাদ চলছে। তদন্ত শেষে বিস্তারিত জানানো হবে এবং দোষীদের আইনের আওতায় আনা হবে বলেও জানান তিনি।"

অন্যদিকে সম্প্রতি নিখোঁজ হওয়া আরাবি ইসলাম সুবাকে, ৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সুস্থ অবস্থাতেই নওগাঁ থেকে উদ্ধার করা হয়েছে বলে নিশ্চিত করেছে একাধিক সংবাদমাধ্যম। সেগুলো দেখতে পাবেন
এখানে ১ https://www.bd-pratidin.com/country/2025/02/04/1081596

এখানে ২
https://samakal.com/whole-country/article/278991/%E2%80%98%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%96%E0%A7%8B%E0%A6%81%E0%A6%9C%E2%80%99-%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%81-%E0%A6%B8%E0%A7%81%E0%A6%AC%E0%A6%BE-%E0%A6%A8%E0%A6%93%E0%A6%97%E0%A6%BE%E0%A6%81-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87-%E0%A6%89%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%B0

এখানে ৩ https://jamuna.tv/news/592361

অতএব, এটি নিশ্চিত যে আলোচ্য ভিডিওটি কোনোভাবেই ২০২৫ সালের নয়, বরং ২০২২ সালের ভিন্ন একটি ঘটনার।

Edited Report:

Following detailed feedback and editing from my supervisor and senior mentors, I finalized the fact-check report. The published version conclusively stated that the viral video dated back to 2022 and was from Thakurgaon, thus clarifying the misinformation widely circulated online as "Missing Context"



বিয়ানীবাজার থেকে বস্তাবন্দী কিশোরী উদ্ধারের দাবিতে ভাইরাল ভিডিওটি পুরোনো ও ঠাকুরগাঁওয়ের

রেটিংঃ বিভ্রান্তিকর

সম্প্রতি সিলেটের বিয়ানীবাজারের হাওর থেকে বস্তাবন্দী একটি মেয়েকে জীবিত অবস্থায় পাওয়া গেছে এবং এই মেয়েটিই মোহাম্মদপুর থেকে হারিয়ে যাওয়া সুবা হওয়ার সম্ভাবনা রয়েছে - এমন দাবিতে একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওটিতে আরও দাবি করা হয় যে, উক্ত কিশোরীর জামার সাথে সুবার জামার রঙের মিল রয়েছে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, এটি প্রকৃতপক্ষে ২০২২ সালের ঠাকুরগাঁওয়ের মাহফুজা খাতুন নামের এক কিশোরীকে উদ্ধারের ভিডিও। ওই বছর জুলাই মাসে সেখানকার টাঙ্গন নদীর জোড়া সেতুর নিচ থেকে তাকে অচেতন ও বস্তাবন্দি অবস্থায় উদ্ধার করা হয়েছিল।

ফেসবুকে ছড়িয়ে পড়া এমন কয়েকটি ভিডিও পোস্ট দেখুন এখানে, এখানে , এখানে , এখানে , এখানে।

রিভার্স ইমেজ সার্চে ভিডিওটি "জার্নাল আই ২৪" নামের একটি ইউটিউব চ্যানেলে পাওয়া যায়। এটি ২০২২ সালের ২১ জুলাই চ্যানেলটিতে প্রকাশ করা হয়। উক্ত চ্যানেল থেকে ভিডিওর বর্ননা ও প্রকাশিত হওয়ার সময় দেখে এটি স্পষ্ট হওয়া যাচ্ছে, ভিডিওটি পুরোনো। উদ্ধারকৃত ওই কিশোরীর নাম মাহফুজা খাতুন এবং তার পরনে ছিল হলুর রঙের জামা, গোলাপি রঙের টি-শার্ট নয়। যা সম্প্রতি দাবিকৃত পোস্টগুলোর ক্যাপশনের সঙ্গে মিল নেই।

এসব তথ্যের ভিত্তিতে পরবর্তীতে আরও অনুসন্ধান করে দেখা যায়, ওই সময় দেশের বিভিন্ন সংবাদমাধ্যমেও বিষয়টি নিয়ে সংবাদ প্রকাশ করা হয়েছিল।

যমুনা টেলিভিশনের ওয়েবসাইটে ২০২২ সালের ২১ জুলাই একই ঘটনা নিয়ে একটি সংবাদ প্রকাশিত হয়েছিল। ওই প্রতিবেদন অনুযায়ী, ২০২২ সালের ২১ জুলাই সকালে ঠাকুরগাঁও পৌর শহরের গোবিন্দনগর টাঙ্গন নদীর জোড়া সেতুর নিচে থেকে মেয়েটিকে জীবিত উদ্ধার করা হয়। উদ্ধারকৃত শিক্ষার্থী দিনাজপুর কবিরাজহাট এলাকার কারী মোস্থফা কামালের মেয়ে। সদর থানার ওসি কামাল হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে স্থানীয়দের বরাত দিয়ে জানান, সকালে টাঙ্গন জোড়া সেতুর নিচে বস্তাবন্দী অবস্থায় ওই কিশোরীকে দেখতে পায় স্থানীয়রা। পরে তাকে জীবিত উদ্ধার করে ঠাকুরগাঁও আধুনিক সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এছাড়াও Channel 24 ও ৭১ টেলিভিশনেও একই বিষয় নিয়ে তখন সংবাদ প্রকাশ করা হয়েছিল। যা "জার্নাল আই ২৪"এ প্রকাশিত ভিডিও ও বর্ননার সাথে সঙ্গতিপূর্ণ।

অন্যদিকে সম্প্রতি নিখোঁজ হওয়া আরাবি ইসলাম সুবাকে, ৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অচেতন নয় বরং সুস্থ অবস্থাতেই নওগাঁ থেকে উদ্ধার করা হয়েছে বলে নিশ্চিত করেছে দেশের একাধিক সংবাদমাধ্যম।

"নিখোঁজ স্কুলছাত্রী সুবা নওগাঁয় উদ্ধার" শিরোনামে প্রকাশিত যমুনা টেলিভিশনের একটি সংবাদে বলা হয়, “রাজধানীর মোহাম্মদপুর থেকে নিখোঁজ স্কুলছাত্রী আরাবি ইসলাম সুবাকে নওগাঁয় উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) এক ভিডিও বার্তায় জানায় নিজের সুস্থতার কথা। ভিডিও বার্তায় সুবা বলেন, আমি ভালো আছি। আমি বাবার কাছে ফিরে যাবো। অন্যদিকে পুলিশ জানায়, পরিবারের লোকজন নওগাঁয় পৌছালে তাদের হাতে হস্তান্তর করা হবে।”

এছাড়াও আরও কিছু সংবাদমাধ্যমে তাকে উদ্ধারের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। সেগুলো দেখতে পারেন বাংলাদেশ প্রতিদিন, সমকাল।

অনুসন্ধানে পাওয়া এসব তথ্য-উপাত্তের ভিত্তিতে এটি নিশ্চিত হওয়া যায়, আলোচ্য ভিডিওটি ২০২৫ সালের নয়, বরং ২০২২ সালের জুলাই মাসের একটি ভিন্ন ঘটনার ভিডিও। ফলে ফ্যাক্টওয়াচ এটিকে "বিভ্রান্তিকর" বলে সাব্যস্ত করছে।


Summary in English

Recently, a video went viral on social media claiming that a girl was found alive in a sack in a haor (wetland) in Biyanibazar, Sylhet, and that she might be Suba, who had gone missing from Mohammadpur. The video also claimed that the color of the rescued girl's clothing matched that of Suba's.

However, Fact-Watch's investigation revealed that the video actually dates back to 2022 and shows the rescue of a madrasa student named Mahfuza Khatun in Thakurgaon. In July 2022, local residents found her unconscious and packed in a sack under the Jora Bridge of the Tangon River. The video was originally published on a YouTube channel named "Journal Eye" in 2022, and several media outlets later reported on the incident.

Based on these findings, it is confirmed that the viral video is not from 2025 but from a different incident in July 2022. Therefore, Fact-Watch has classified the claim as **"Missing Context".**

Published Report



ফেসবুকে ছড়িয়ে পড়া এমন কয়েকটি ভিডিও পোস্ট দেখুন এখানে, এখানে , এখানে , এখানে , এখানে।

রিভার্স ইমেজ সার্চে ভিডিওটি "জার্নাল আই ২৪" নামের একটি ইউটিউব চ্যানেলে পাওয়া যায়। এটি ২০২২ সালের ২১ জুলাই চ্যানেলটিতে প্রকাশ করা হয়। উক্ত চ্যানেল থেকে ভিডিওর বর্ণনা ও প্রকাশিত হওয়ার সময় দেখে এটি স্পষ্ট হওয়া যাচ্ছে, ভিডিওটি পুরোনো। উদ্ধারকৃত ওই কিশোরীর নাম মাহফুজা খাতুন এবং তার পরনে ছিল হলুদ রঙের জামা, গোলাপি রঙের টি-শার্ট নয়।

এসব তথ্যের ভিত্তিতে পরবর্তীতে আরও অনুসন্ধান করে দেখা যায়, ওই সময় দেশের বিভিন্ন সংবাদমাধ্যমেও বিষয়টি নিয়ে সংবাদ প্রকাশিত হয়েছিল।

যমুনা টেলিভিশনের ওয়েবসাইটে ২০২২ সালের ২১ জুলাই একই ঘটনা নিয়ে একটি সংবাদ প্রকাশিত হয়েছিল।

ওই প্রতিবেদন অনুযায়ী, ২০২২ সালের ২১ জুলাই সকালে ঠাকুরগাঁও পৌর শহরের গোবিন্দনগর টাঙ্গন নদীর জোড়া সেতুর নিচে থেকে মেয়েটিকে জীবিত উদ্ধার করা হয়। উদ্ধারকৃত শিক্ষার্থী দিনাজপুর কবিরাজহাট এলাকার ক্বারি মোস্তফা কামালের মেয়ে। সদর থানার ওসি কামাল হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে স্থানীয়দের বরাত দিয়ে জানান, সকালে টাঙ্গন জোড়া সেতুর নিচে বস্তাবন্দী অবস্থায় ওই কিশোরীকে দেখতে পায় স্থানীয়রা। পরে তাকে জীবিত উদ্ধার করে ঠাকুরগাঁও আধুনিক সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এছাড়াও Channel 24 ও ৭১ টেলিভিশনেও একই বিষয় নিয়ে তখন সংবাদ প্রকাশ করা হয়েছিল। যা "জার্নাল আই ২৪"এ প্রকাশিত ভিডিও ও বর্ণনার সাথে সঙ্গতিপূর্ণ।

অন্যদিকে সম্প্রতি নিখোঁজ হওয়া আরাবি ইসলাম সুবাকে, ৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অচেতন নয় বরং সুস্থ অবস্থাতেই নওগাঁ থেকে উদ্ধার করা হয়েছে বলে নিশ্চিত করেছে দেশের একাধিক সংবাদমাধ্যম।

"নিখোঁজ স্কুলছাত্রী সুবা নওগাঁয় উদ্ধার" শিরোনামে প্রকাশিত যমুনা টেলিভিশনের একটি সংবাদে বলা হয়, "রাজধানীর মোহাম্মদপুর থেকে নিখোঁজ স্কুলছাত্রী আরাবি ইসলাম সুবাকে নওগাঁয় উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) এক ভিডিও বার্তায় জানায় নিজের সুস্থতার কথা। ভিডিও বার্তায় সুবা বলেন, আমি ভালো আছি। আমি বাবার কাছে ফিরে যাবো। অন্যদিকে পুলিশ জানায়, পরিবারের লোকজন নওগাঁয় পৌছালে তাদের হাতে হস্তান্তর করা হবে।"

এছাড়া আরও কিছু সংবাদমাধ্যমে তাকে উদ্ধারের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। সেগুলো দেখতে পারেন – বাংলাদেশ প্রতিদিন, সমকাল।

অনুসন্ধানে পাওয়া এসব তথ্য-উপাত্তের ভিত্তিতে এটি নিশ্চিত হওয়া যায়, আলোচ্য ভিডিওটি ২০২৫ সালের নয়, বরং ২০২২ সালের জুলাই মাসের একটি ভিন্ন ঘটনার ভিডিও। ফলে ফ্যাক্টওয়াচ এটিকে "বিভ্রান্তিকর" বলে সাব্যস্ত করছে।
No Factcheck schema data available.

Published Report Link: https://www.fact-watch.org/shuba-missing-video/

Impact of My Fact-checking Report:

Since FactWatch is an official third-party fact-checking partner of Facebook (Meta), once the report was published, the misleading viral posts were appropriately labeled as "Missing Context" on Facebook. Thus, my report significantly aided users in clearly recognizing the misinformation and provided access to the verified factual report. This process effectively reduced misinformation spread online.

Challenges:

- Locating the original video source was initially challenging due to extensive resharing and limited identifiable details.
- Working under tight deadlines while maintaining accuracy was challenging, given the viral nature of misinformation.
- Ensuring objectivity throughout the investigation to produce an unbiased report was a significant responsibility.

Mistakes:

- No proper headline or structured title provided.
- Absence of hyperlinks for referenced evidence (social media, YouTube videos, news reports).
- Lack of systematic structure and clear separation between the claim and verification processes.
- Initial omission of a clear misinformation rating/classification.
- Minimal details regarding source references (channel names, dates).
- Minor factual ambiguity (unclear details regarding clothing color/type).
- Use of relatively informal language, compromising the professional tone required for fact-checking reports**.**

Learning Outcomes:

- Learned the importance of clearly structuring reports with proper headlines to ensure clarity and readability.

- Understood the critical necessity of providing accurate and functioning hyperlinks for all evidence to enhance transparency and credibility.

- Gained insights into systematically organizing fact-checking reports, clearly distinguishing between initial claims and subsequent verification findings.

- Improved my ability to clearly classify misinformation according to established criteria ("Missing Context," "Misleading," etc.).

- Recognized the importance of detailed citation of sources (dates, channel names, media outlets) for establishing credibility and precision in reports.

- Enhanced my carefulness in verifying minute factual details (such as exact clothing color/type), understanding the significance of accuracy in fact-checking.

- Developed a greater awareness of using a consistently professional tone, language, and narrative style to strengthen the report's credibility and reliability.

Project 2

Project Name:

Fact-checking report on a viral video claiming that former Gazipur Mayor Jahangir Alam led a protest against coordinators.

Project Title:

গাজীপুরে সমন্বয়কদের আটকাতে সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে অবস্থানের দাবিটি মিথ্যা

Project Brief:

Recently, a video claiming that former Gazipur Mayor Jahangir Alam led local residents in a protest against coordinators went viral on Facebook. FactWatch investigated the claim and found that the video actually dates back to December 2023, depicting an unrelated event linked to the 12th National Parliamentary Election rally. The original video was livestreamed by the "Turag Times" Facebook page on December 18, 2023, following the allocation of electoral symbols to independent candidates in Gazipur.

FactWatch observed clear similarities between the recent viral video and the original footage, including identical banners related to Bangladesh's Victory Day (December 16). Several credible news reports from media outlets such as "The Daily Star," "bdnews24.com," "Jugantor," and "Channel24" corroborated that the event featured Jahangir Alam and independent election candidates, confirming its actual context and timeline.

After thorough verification, FactWatch concluded the viral claim was false ("মিথ্যা").

My Responsibilities and Tasks:

- Monitored viral Facebook posts to detect claims related to political events involving former Mayor Jahangir Alam.
- Conducted keyword-based searches to trace the original live-streamed video footage and archived it properly.
- Analyzed visual elements such as banners, decorations, and landmarks to match the viral video with the original footage.
- Cross-verified information by reviewing credible reports from media outlets like "The Daily Star," "bdnews24.com," "Jugantor," and "Channel24."

- Organized collected evidence systematically to support fact-checking findings.

- Drafted a detailed fact-checking report and classified the claim accurately according to FactWatch's misinformation rating policy.

Draft Report

Initially, I prepared a draft report after reviewing various social media posts and conducting preliminary verification. However, I provided minimal contextual specificity and omitted hyperlinks to essential media sources and evidence. While I accurately identified the video as unrelated to the recent claim, the draft required further clarity, specificity, and professional detailing to meet FactWatch’s standard publication guidelines.



গাজীপুরে সমন্বয়কদের আটকাতে সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে অবস্থানের দাবিটি মিথ্যা

রেটিংঃ মিথ্যা

গাজীপুরের সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সেখানকার স্থানীয়রা সমন্বয়কদের বিরুদ্ধে অবস্থান নিয়েছে- সম্প্রতি এমন দাবিতে কিছু ভিডিও ফেসবুকে ভাইরাল হয়েছে। কিন্তু ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, এটি প্রকৃতপক্ষে ২০২৩ সালের ভিন্ন একটি ঘটনার ভিডিও। ওই বছরের ডিসেম্বরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আয়োজিত একটি সমাবেশের ভিডিওকে এই দাবিতে প্রচার করা হচ্ছে।

ফেসবুকে বিভিন্ন কি-ওয়ার্ড দিয়ে অনুসন্ধানে "তুরাগ টাইমস" নামের একটি ফেসবুক পেজে পুরোনো ভিডিওটি পাওয়া যায়। পেজটিতে ২০২৩ সালের ১৮ ডিসেম্বর ভিডিওটি লাইভ করা হয়।

লাইভের ক্যাপশন অনুযায়ী, ভিডিওটি সিটি কর্পোরেশন নির্বাচনের স্বতন্ত্র প্রার্থীদের প্রতীক বরাদ্দ করার পরবর্তী সময়ের। যেখানে গাজীপুর সিটি করপোরেশনের সাবেক মেয়র জাহাঙ্গীর আলম আরো তিন স্বতন্ত্র প্রার্থীকে নিয়ে একটি জনসংযোগের আয়োজন করেছিলেন।

ফ্যাক্টওয়াচের পর্যবেক্ষণে দেখা যায় যে , সম্প্রতি ভাইরাল হওয়া ৩৭ সেকেন্ডের ভিডিওর সঙ্গে পুরনো ভিডিওর পাঁচ সেকেন্ড থেকে এক মিনিট পনের সেকেন্ড অংশের বেশ কিছু সাদৃশ্য রয়েছে। ভিডিও দুটিতেই ২০২৩ সালে বিজয় দিবস উদযাপনের একটি তোড়ন লক্ষ্য করা যায়। বাংলাদেশের বিজয় দিবস ১৬ ডিসেম্বর উদযাপিত হয়ে থাকে। অন্যদিকে "তুরাগ টাইমস" পেজ থেকে প্রাপ্ত লাইভ ভিডিওটি প্রচারিত হয় ১৮ ডিসেম্বর। যা কাছাকাছি একটি সময়কালকে নির্দেশ করে। দুটি ভিডিওতেই একটি ব্যানার লক্ষ্য করা যায়। যেখানে লেখা আছে, "রুখবো দুর্নীতি গড়বো দেশ, হবে সোনার বাংলাদেশ।" ব্যানার দুটি দেখতে হুবুহু একই রকম।

পরবর্তী অনুসন্ধানে ডেইলি স্টারে প্রকাশিত ১৮ ডিসেম্বর, ২০২৩ সালের একটি প্রতিবেদন খুঁজে পাওয়া যায়। প্রতিবেদন অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গাজীপুরের পাঁচটি আসনের প্রতীক বরাদ্দের পর তিন আসনের স্বতন্ত্র প্রার্থীদের নিয়ে সাবেক মেয়র জাহাঙ্গীর আলম এক মঞ্চে উপস্থিত হয়েছিলেন। এ সময় গাজীপুর-১ আসনের (কালিয়াকৈর) স্বতন্ত্র প্রার্থী মো. রেজাউল করিম, গাজীপুর-২ (সদর আসন) স্বতন্ত্র প্রার্থী কাজী আলিমুদ্দিন, গাজীপুর-৫ (কালিগঞ্জ) আসনের স্বতন্ত্র প্রার্থী আখতারউজ্জামান উপস্থিত ছিলেন।

এ ছাড়াও আরো কিছু গুরুত্বপূর্ন সংবাদমাধ্যমে এটি নিয়ে খবর প্রকাশিত হয়েছিল । সেগুলো দেখতে পারেন- bdnews24.com, যুগান্তর, Channel24।

অনুসন্ধানে পাওয়া এসব তথ্য-উপাত্তের ভিত্তিতে এটি নিশ্চিত হওয়া যায় যে , গাজীপুরে সমন্বয়কদের আটকাতে সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে অবস্থানের দাবি ভাইরাল ভিডিওটি ২০২৫ সালের নয়, বরং ২০২৩ সালের ডিসেম্বর মাসের। ফলে ফ্যাক্টওয়াচ এটিকে “মিথ্যা” বলে সাব্যস্ত করছে।

মিথ্যা দাবিতে ফেসবুকে ছড়িয়ে পড়া পোস্টগুলো দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে।

A video claiming that people in Gazipur protested against coordinators under Jahangir leadership has recently gone viral on Facebook. Fact-Watch's investigation reveals that the video is actually from December 2023, during an election rally for the Gazipur City Corporation elections. The video was streamed by the "Turag Times" Facebook page on December 18, 2023.

The investigation also found notable similarities between the viral video and the live video, including banners and decorations related to Bangladesh's Victory Day celebrations. Reports from “The Daily Star” and other media outlets confirm that the event featured Jahangir Alam along with independent candidates for the Gazipur constituencies.

Based on these findings, Fact-Watch concludes that the viral video is unrelated to recent events and the claims made in the captions are false.

Edited Report:

After receiving constructive feedback from my mentors and editors, I clearly refined my draft. The edited report incorporated explicit details, including the correct election context ("দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন"), precise timeline verification, professional structuring, and direct hyperlinks to authoritative sources. This resulted in a clearly structured, credible, and professional report that accurately categorized the misinformation as "মিথ্যা."



গাজীপুরে সমন্বয়কদের আটকাতে সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে অবস্থানের দাবিটি মিথ্যা

রেটিংঃ মিথ্যা

গাজীপুরের সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সেখানকার স্থানীয়রা সমন্বয়কদের বিরুদ্ধে অবস্থান নিয়েছে- সম্প্রতি এমন দাবিতে কিছু ভিডিও ফেসবুকে ভাইরাল হয়েছে। কিন্তু ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, এটি প্রকৃতপক্ষে ২০২৩ সালের ভিন্ন একটি ঘটনার ভিডিও। ওই বছরের ডিসেম্বরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আয়োজিত একটি সমাবেশের ভিডিওকে এই দাবিতে প্রচার করা হচ্ছে।

ফেসবুকে বিভিন্ন কি-ওয়ার্ড দিয়ে অনুসন্ধানে "তুরাগ টাইমস" নামের একটি ফেসবুক পেজে পুরোনো ভিডিওটি পাওয়া যায়। পেজটিতে ২০২৩ সালের ১৮ ডিসেম্বর ভিডিওটি লাইভ করা হয়।

লাইভের ক্যাপশন অনুযায়ী, ভিডিওটি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীদের প্রতীক বরাদ্দ করার পরবর্তী সময়ের। যেখানে গাজীপুর সিটি করপোরেশনের সাবেক মেয়র জাহাঙ্গীর আলম আরো তিন স্বতন্ত্র প্রার্থীকে নিয়ে একটি জনসংযোগের আয়োজন করেছিলেন।

ফ্যাক্টওয়াচের পর্যবেক্ষণে দেখা যায়, সম্প্রতি ভাইরাল হওয়া ৩৭ সেকেন্ডের ভিডিওর সঙ্গে পুরোনো ভিডিওর পাঁচ সেকেন্ড থেকে এক মিনিট পনের সেকেন্ড অংশের বেশ কিছু সাদৃশ্য রয়েছে। ভিডিও দুটিতেই ২০২৩ সালে বিজয় দিবস উদযাপনের একটি তোড়ন লক্ষ্য করা যায়। বাংলাদেশের বিজয় দিবস ১৬ ডিসেম্বর উদযাপিত হয়ে থাকে। অন্যদিকে "তুরাগ টাইমস" পেজ থেকে প্রাপ্ত লাইভ ভিডিওটি প্রচারিত হয় ১৮ ডিসেম্বর। যা কাছাকাছি একটি সময়কালকে নির্দেশ করে। দুটি ভিডিওতেই একটি ব্যানার লক্ষ্য করা যায়। যেখানে লেখা আছে, "রুখবো দুর্নীতি গড়বো দেশ, হবে সোনার বাংলাদেশ।" ব্যানার দুটি দেখতে হুবুহু একই রকম।

পরবর্তী অনুসন্ধানে ডেইলি স্টারে প্রকাশিত ১৮ ডিসেম্বর, ২০২৩ সালের একটি প্রতিবেদন খুঁজে পাওয়া যায়। প্রতিবেদন অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গাজীপুরের পাঁচটি আসনের প্রতীক বরাদ্দের পর তিন আসনের স্বতন্ত্র প্রার্থীদের নিয়ে সাবেক মেয়র জাহাঙ্গীর আলম এক মঞ্চে উপস্থিত হয়েছিলেন। এ সময় গাজীপুর-১ আসনের (কালিয়াকৈর) স্বতন্ত্র প্রার্থী মো. রেজাউল করিম, গাজীপুর-২ (সদর আসন) স্বতন্ত্র প্রার্থী কাজী আলিমুদ্দিন, গাজীপুর-৫ (কালিগঞ্জ) আসনের স্বতন্ত্র প্রার্থী আখতারউজ্জামান উপস্থিত ছিলেন।

এ ছাড়াও আরো কিছু সংবাদমাধ্যমে এটি নিয়ে খবর প্রকাশিত হয়েছে। সেগুলো দেখতে পারেন- bdnews24.com, যুগান্তর, Channel24।

অনুসন্ধানে পাওয়া এসব তথ্য-উপাত্তের ভিত্তিতে এটি নিশ্চিত হওয়া যায়, গাজীপুরে সমন্বয়কদের আটকাতে সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে অবস্থানের দাবি ভাইরাল ভিডিওটি ২০২৫ সালের নয়, বরং ২০২৩ সালের ডিসেম্বর মাসের। ফলে ফ্যাক্টওয়াচ এটিকে "মিথ্যা" বলে সাব্যস্ত করছে।

মিথ্যা দাবিতে ফেসবুকে ছড়িয়ে পড়া পোস্টগুলো দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে।

A video claiming that people in Gazipur protested against coordinators under Jahangir leadership has recently gone viral on Facebook. Fact-Watch's investigation reveals that the video is actually from December 2023, during an election rally for the Gazipur City Corporation elections. The video was streamed by the "Turag Times" Facebook page on December 18, 2023.

The investigation also found notable similarities between the viral video and the live video, including banners and decorations related to Bangladesh's Victory Day celebrations. Reports from "The Daily Star" and other media outlets confirm that the event featured Jahangir Alam along with independent candidates for the Gazipur constituencies.

Based on these findings, Fact-Watch concludes that the viral video is unrelated to recent events and the claims made in the captions are false.

Published Report



ফ্যাক্টচেক ফ্যাক্টফাইল ফ্যাক্টওয়াচ ভিডিও মিডিয়া লিটারেসি Search Categories

গাজীপুরে সমন্বয়কদের বিরুদ্ধে জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সমাবেশের দাবিটি মিথ্যা

Contributor • February 9, 2025

FACT WATCH মিথ্যা

গাজীপুরের সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সেখানকার স্থানীয়রা সমন্বয়কদের বিরুদ্ধে অবস্থান নিয়েছে- সম্প্রতি এমন দাবিতে কিছু ভিডিও ফেসবুকে ভাইরাল হয়েছে। কিন্তু ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, এটি প্রকৃতপক্ষে ২০২৩ সালের ভিন্ন একটি ঘটনার ভিডিও। ওই বছরের ডিসেম্বরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আয়োজিত একটি সমাবেশের ভিডিও।

ফেসবুকে বিভিন্ন কি-ওয়ার্ড দিয়ে অনুসন্ধানে "তুরাগ টাইমস" নামের একটি ফেসবুক পেজে পুরোনো ভিডিওটি পাওয়া যায়। পেজটিতে ২০২৩ সালের ১৮ ডিসেম্বর ভিডিওটি লাইভ করা হয়।

লাইভের ক্যাপশন অনুযায়ী, ভিডিওটি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীদের প্রতীক বরাদ্দ করার পরবর্তী সময়ের। যেখানে গাজীপুর সিটি করপোরেশনের সাবেক মেয়র জাহাঙ্গীর আলম আরো তিন স্বতন্ত্র প্রার্থীকে নিয়ে একটি জনসংযোগের আয়োজন করেছিলেন।

ফ্যাক্টওয়াচের পর্যবেক্ষণে দেখা যায়, সম্প্রতি ভাইরাল হওয়া ৩৭ সেকেন্ডের ভিডিওর সঙ্গে পুরোনো ভিডিওর পাঁচ সেকেন্ড থেকে এক মিনিট ১৫ সেকেন্ড অংশের বেশ কিছু সাদৃশ্য রয়েছে। ভিডিও দুটিতেই ২০২৩ সালে বিজয় দিবস উদযাপনের একটি তোড়ন লক্ষ্য করা যায়। বাংলাদেশের বিজয় দিবস ১৬ ডিসেম্বর উদযাপিত হয়ে থাকে। অন্যদিকে "তুরাগ টাইমস" পেজ থেকে প্রাপ্ত লাইভ ভিডিওটি প্রচারিত হয় ১৮ ডিসেম্বর। যা কাছাকাছি একটি সময়কালকে নির্দেশ করে। দুটি ভিডিওতেই একটি ব্যানার লক্ষ্য করা যায়। যেখানে লেখা আছে, "রুখবো দুর্নীতি গড়বো দেশ, হবে সোনার বাংলাদেশ।" ব্যানার দুটি দেখতে হুবুহু একই রকম।

পরবর্তী অনুসন্ধানে ডেইলি স্টারে প্রকাশিত ১৮ ডিসেম্বর, ২০২৩ সালের একটি প্রতিবেদন খুঁজে পাওয়া যায়। প্রতিবেদন অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গাজীপুরের পাঁচটি আসনের প্রতীক বরাদ্দের পর তিন আসনের স্বতন্ত্র প্রার্থীদের নিয়ে সাবেক মেয়র জাহাঙ্গীর আলম এক মঞ্চে উপস্থিত হয়েছিলেন। এ সময় গাজীপুর-১ আসনের (কালিয়াকৈর) স্বতন্ত্র প্রার্থী মো. রেজাউল করিম, গাজীপুর-২ (সদর) আসনের স্বতন্ত্র প্রার্থী কাজী আলিমুদ্দিন, গাজীপুর-৫ (কালিগঞ্জ) আসনের স্বতন্ত্র প্রার্থী আখতারউজ্জামান উপস্থিত ছিলেন।

এ ছাড়াও আরো কিছু সংবাদমাধ্যমে এটি নিয়ে খবর প্রকাশিত হয়েছে। সেগুলো দেখতে পারেন- bdnews24.com, যুগান্তর, Channel24।

অনুসন্ধানে পাওয়া এসব তথ্য-উপাত্তের ভিত্তিতে এটি নিশ্চিত হওয়া যায়, গাজীপুরে সমন্বয়কদের আটকাতে সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের নেতৃত্বে অবস্থানের দাবিতে ভাইরাল ভিডিওটি ২০২৫ সালের নয়, বরং ২০২৩ সালের ডিসেম্বর মাসের। ফলে ফ্যাক্টওয়াচ এমন ক্যাপশনসহ ভিডিওটিকে "মিথ্যা" বলে সাব্যস্ত করছে।

মিথ্যা দাবিতে ফেসবুকে ছড়িয়ে পড়া পোস্টগুলো দেখুন এখানে,এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে।

No Factcheck schema data available.

Published Report Link: https://www.fact-watch.org/jahanngir-alam-old-video/

Impact of My Fact-checking Report:

FactWatch is an official third-party fact-checking partner of Facebook (Meta). Upon publishing my report, Facebook accurately flagged the misleading viral video posts as false ("মিথ্যা"). Consequently, social media users were able to view the correct context, significantly curbing the misinformation spread and reinforcing the importance of verifying political content carefully.

Challenges:

- Difficulty in tracing the original video's exact context because the viral clip was trimmed and edited, missing key timestamps.
- Complexities in analyzing subtle visual clues (like Victory Day decorations and banners) to establish timeline matching.
- Verifying multiple credible sources quickly and maintaining accuracy while under pressure to publish the fact-check promptly.
- Maintaining a strictly unbiased and neutral tone while fact-checking sensitive political claims that could influence public perception.

Mistakes:

- Initially omitted clear hyperlinks to referenced sources (such as the original livestream from "Turag Times" and credible news outlets), thus affecting transparency.
- Initially lacked specificity regarding the exact event context, vaguely referring to "সিটি কর্পোরেশন নির্বাচন" instead of the accurate "দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন."
- Provided only basic details about visual similarities (banners, decorations) without clearly mentioning specific timestamps from the original source.

Learning Outcomes:

- Realized the essential importance of including explicit hyperlinks for referenced evidence to maintain the highest level of transparency and credibility in a fact-check report.
- Gained clarity on accurately specifying event contexts and details (such as naming

elections clearly) to avoid confusion and enhance credibility in politically sensitive reports.

- Improved analytical skills by carefully comparing and clearly highlighting precise visual details (timestamps, banners, decorations) that strengthen the validity and reliability of fact-check findings.

- Understood the importance of professional, structured, and specific reporting, significantly enhancing my fact-checking and report-writing competencies.

- Learned how crucial meticulousness and detailed referencing are, particularly when dealing with politically sensitive content, to ensure credibility, reliability, and impact.

Project 3

Project Name:

Fact-checking report on a viral video falsely linked to the Madaripur mosque murder incident

Project Title:

ভারতের পুরোনো ভিডিওকে মাদারীপুরের আলোচিত হত্যাকাণ্ডের দৃশ্য দাবিতে প্রচার

Project Brief:

A disturbing video recently went viral on social media, appearing to show a headless young man rolling on the floor, with many posts claiming it depicted a murder inside a mosque in Madaripur, Bangladesh. However, after a thorough investigation by FactWatch, it was revealed that the footage actually originates from India. The video was traced back to a YouTube channel named "Balaji Bhagwanpur Dham," uploaded on March 7, 2022, showing a religious exorcism ritual commonly performed in Hindu temples.


The video's context was entirely different from the Madaripur mosque incident, which occurred due to a land and business dispute, not related to any religious ritual. Based on the findings, FactWatch labeled the viral claim as "False" ("মিথ্যা").

My Responsibilities and Tasks:

- Monitoring viral posts across social media platforms to detect misleading claims.
- Conducting reverse image searches using keyframes from the viral video.
- Verifying the origin of the video by tracing it back to original sources and comparing timestamps.
- Analyzing content carefully to distinguish real violence from cultural or ritual practices.
- Cross-referencing multiple credible media reports and YouTube channels to verify the context.
- Drafting a detailed fact-checking report clearly presenting the findings and categorizing the misinformation appropriately.

Draft Report:

In my initial draft, I explained the general findings about the video but missed adding detailed local incident verification (such as connecting it with the real Madaripur murder news) and failed to provide proper hyperlinks to original sources like YouTube videos and news articles. Additionally, the draft lacked clear separation between the background of the viral claim and the real Madaripur incident.



ভারতের ভিডিওকে মাদারীপুরের হত্যাকাণ্ডের দৃশ্য দাবিতে প্রচার

সম্প্রতি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায়, মাথাবিহীন একজন তরুণের দেহ মেঝেতে গড়াগড়ি করছে। বেশ কয়েকটি ভিডিওর ক্যাপশনে দাবি করা হয়, এটি মাদারীপুরের একটি মসজিদে ঘটে যাওয়া হত্যাকাণ্ডের দৃশ্য। কিন্তু ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, ভিডিওটি পুরোনো এবং এর সঙ্গে বাংলাদেশের বা মাদারীপুরের হত্যাকাণ্ডের কোনো সম্পর্ক নেই। এটি মূলত ভারতের ভগবানপুর বালাজি ধাম মন্দিরের একটি দৃশ্, যেখানে ভূত বা প্রেতাত্মার প্রভাব থেকে মুক্ত হওয়ার জন্য এই শারীরিক কসরত করা হয়।

গুজবের উৎস দেখুনঃ এখানে, এখানে, এখানে, এখানে।

ভাইরাল ভিডিওটির কিছু কি-ফ্রেম নিয়ে রিভার্স ইমেজ সার্চে বালাজি ভগবানপুর ধাম (Balaji Bhagwanpur Dham) নামের একটি ইউটিউব চ্যানেলে ভিডিওটি পাওয়া যায়। ২০২২ সালের ৭ মার্চ পোস্ট করা হয়। ভিডিওটি দেখুন এখানে।

এর ক্যাপশনে হিন্দি ভাষায় লেখা, "कष्टभंजन भगवानपुर बालाजी धाम में भूतों पर पड़ती भयंकर मार।" গুগল ট্রান্সলেটরের সাহায্যে বাংলায় অনুবাদ করলে এর অর্থ দাঁড়ায় "কষ্টভঞ্জন: ভগবানপুর বালাজি ধামে ভূতের প্রচণ্ড আক্রমণ"।

ভিডিওটি প্রাথমিকভাবে দেখলে মনে হতে পারে মাথাবিহীন একজন তরুণের দেহ মেঝেতে গড়াগড়ি করছে কিংবা মৃত্যু যন্ত্রণায় ছটফট করছে। কিন্তু ভিডিওটির শেষাংশে দেখা যায়, একজন তরুণ ও একজন তরুণী মেঝেতে গড়াগড়ি খাচ্ছেন এবং তাদের মাথা মেঝেতে থাকা গর্তে ঢুকিয়ে বিভিন্ন শারিরীক কসরত করছেন। অর্থাৎ, তারা মাথাবিহীন নয়।

চ্যানেলটির একাধিক ভিডিও পর্যালোচনা করে জানা যায়, ভূত বা প্রেতাত্মা দূর করার জন্য এ ধরনের আনুষ্ঠানিকতা পালন করা হয়। এই চর্চাকে ইংরেজিতে "এক্সরসিজম" বলে অবহিত করা হয়ে থাকে। এছাড়াও ভিডিওটিতে যে স্থাপনা ও মূর্তিগুলো দেখা যায়, সেগুলোতে হিন্দি ভাষায় লেখা দেখা যায়।

এসব তথ্য থেকে স্পষ্ট হয় যে, ভিডিওটি পুরোনো এবং ভারতের।

সার্বিক বিবেচনায় ফ্যাক্টওয়াচ দাবিটিকে "মিথ্যা" বলে সাব্যস্ত করছে।

English Summary:

A viral video circulating on social media claims to show a beheaded young man rolling on the floor inside a mosque in Madaripur, Bangladesh, as part of a recent murder incident. But, FactWatch reveals that the video is old and unrelated to Bangladesh. It actually originates from Bhagwanpur Balaji Dham, a temple in India, where exorcism rituals are performed.

A reverse image search traced the video to a YouTube channel named "Balaji Bhagwanpur Dham," where it was uploaded on March 7, 2022. The caption in Hindi describes an exorcism taking place at the temple. Upon closer examination, the footage shows individuals performing physical movements, including rolling on the floor with their heads inside a hole, creating an illusion of headless bodies.

Additionally, the presence of Hindi inscriptions on the temple structures further confirms the video's Indian origin. The recent Madaripur murder, which took place inside a mosque over a business dispute, is entirely unrelated to this footage. Based on these findings, FactWatch labels the claim as "false."

Edited Report:

After receiving feedback, I revised the report to:

- Include accurate hyperlinks to both the YouTube source and media articles.
- Clearly differentiate the real Madaripur incident from the misleading viral video.
- Professionally organize the report into separate sections for better clarity.
- Add an explicit mention of the **original Madaripur incident context** (verified from Prothom Alo's report).

The final report was professionally edited, meeting FactWatch's publication standards, and was published after thorough internal review.

ভারতের পুরোনো ভিডিওকে মাদারীপুরের আলোচিত হত্যাকাণ্ডের দৃশ্য দাবিতে প্রচার

সম্প্রতি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে প্রাথমিকভাবে দেখা যায়, মাথাবিহীন একজন তরুণের দেহ মেঝেতে গড়াগড়ি করছে। বেশ কয়েকটি ভিডিওর ক্যাপশনে দাবি করা হয়, এটি মাদারীপুরের একটি মসজিদে ঘটে যাওয়া হত্যাকাণ্ডের দৃশ্য। কিন্তু ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, ভিডিওটি পুরোনো এবং এর সঙ্গে বাংলাদেশের বা মাদারীপুরের হত্যাকাণ্ডের কোনো সম্পর্ক নেই। এটি মূলত ভারতের ভগবানপুর বালাজি ধাম মন্দিরের একটি দৃশ্য, যেখানে ভূত বা প্রেতাত্মার প্রভাব থেকে মুক্ত হওয়ার জন্য এই শারীরিক কসরত করা হয়।

গুজবের উৎস দেখুনঃ এখানে, এখানে, এখানে, এখানে।

ভাইরাল ভিডিওটির কিছু কি-ফ্রেম নিয়ে রিভার্স ইমেজ সার্চে বালাজি ভগবানপুর ধাম (Balaji Bhagwanpur Dham) নামের একটি ইউটিউব চ্যানেলে ভিডিওটি পাওয়া যায়। ২০২২ সালের ৭ মার্চ পোস্ট করা হয়। ভিডিওটি দেখুন এখানে।

